

সিডনিতে রিয়েলইস্টেট এন্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)এর ৪দিন ব্যাপি প্রদর্শনীর আয়োজন চলছে ।



রিয়েলইস্টেট এন্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ তথা রিহাব বিশ্বের বিভিন্ন দেশে বসবাসরত বাংলাদেশীদের দেশ মুখি আবাসনে উৎসাহিত করার লক্ষ্যে দীর্ঘদিন ধরে প্রবাসে প্রদর্শনীর মাধ্যমে সচেতনার সৃষ্টি করে আসছে ।এবার তাদের প্রদর্শনীর প্রস্তুতি চলছে সিডনিতে । সিডনির অলিম্পিক মাঠের গত১লা এপ্রিল শুক্রবার বাংলাদেশ থেকে আসা রিহাব তথা রিয়েলইস্টেট এন্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ এর মহা সচিব মুরাদ ইকবাল চৌধুরী সিডনির বিভিন্ন সংবাদ ও প্রচার মাধ্যমকে স্পাইসি অব লাইফ রেস্টুরেন্টে আমন্ত্রণ জানিয়ে তাদের একটি মহা পরিকল্পনা তুলে ধরেন । আগামি ১৯,২০, ২১, ও ২২মে ২০১১ ,চারদিন ব্যাপি একটি প্রদর্শনীর আয়োজন করার প্রস্তুতি নিয়েছেন বলে জানান । প্রদর্শনীর স্থান নির্ধারণ করা হয়েছে সিডনি অলিম্পিক মাঠের রেলস্টেশন সংলগ্ন বিশাল ইনডোর " " হাওই কল্লেখ " প্রদর্শনি কেন্দ্রে । সকল আগ্রহি , উৎসাহির জন্য উন্মুক্ত রাখা হয়েছে প্রদর্শনী প্রবেশ পত্র থাকছেনা , অতিথিবইয়ে নাম ঠিকানা ও ফোন নাম্বার নথিভুক্তির মাধ্যমে প্রবেশকারীদের জন্য র্যাফেল ড্র এর মাধ্যমে আকর্ষণীয় পুরস্কারের ব্যবস্থা থাকছে প্রতিদিন ।উদ্বোধনী কিংবা সমাপনী দিবসে থাকছে ঢাকাও সিডনির শিল্পীদের নিয়ে থাকবে সাংস্কৃতিক অনুষ্ঠান ।৪দিন ব্যাপি রিহাব এর হাউজিং প্রদর্শনী চলবে । সাংবাদিক সম্মেলনে প্রায় সকল প্রচার ও প্রকাশন মাধ্যম সেই সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিভিন্ন প্রশ্নের জবাবে জানান রিহাব আমেরিকা ,কানাডা ,ব্র টেন , ও আরবের বিভিন্নদেশে তারা এধরনের প্রদর্শনীর আয়োজন করে আলোড়ন জাগাতে সক্ষম হয়েছেন । সিডনিতে চারদিন ব্যাপি প্রদর্শনীতে আনুমানিক ৬০টি রিয়েলইস্টেট কোম্পানীর অংশ গ্রহনের সম্ভবনা রয়েছে বলে জানা যায় । আলাপকালে জানা যায় যে বাংলাদেশের রিয়েলইস্টেট কোম্পানী গুলির দুর্নীতির বিরুদ্ধে যেকোন ধরনের অভিযোগ দায়েরের জন্য একটি হট লাইন চালু রয়েছে এমনকি আগামী প্রদর্শনীতে অংশ নিয়ে সরাসরি লিখিত অভিযোগ দায়ের করার ব্যবস্থা থাকবে ।জনাব মুরাদ আরো জানান গ্রহীতা, সাম্ভাব্য গ্রহীতা , এমনকি উৎসাহি মানুষের কাছাকাছি আসাই তাদের লক্ষ্য । উল্লেখ্য সিডনির বিশিষ্ট সমাজ সেবী ও সংগঠক আল নোমান শামীম সিডনির এই আয়োজনে সরাসরি তত্বাবধানে নিয়োজিত রয়েছেন বলে জানা যায় ।

